www.xtrapapers.com

SPECIMEN MATERIAL

# GCSE
# BENGALI
## Higher Tier Paper 3 Reading

H

Specimen 2019

Time allowed: 1 hour

**You will need no other materials.**

**Instructions**
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the bottom of this page.
- Answer **all** questions.
- You must answer all the questions in the spaces provided. Do not write on blank pages.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B,** answer the questions in **Bengali**. In **Section C**, translate the passage into **English**.
- Do all rough work in this answer book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 60.
- You must **not** use a dictionary.

Please write clearly, in block capitals, to allow character computer recognition.

Centre number

Candidate number

Surname

Forename(s)

Candidate signature

www.xtrapapers.com



**Section A** Questions and answers in **English**

**0 1** **Social networking**

A magazine has published the results of an online survey about the use of social networks in Bangladesh. Read the summary of the results.

এখনকার ছেলেমেয়েরা সামাজিক যোগাযোগের মাধ্যম কেন ব্যবহার করে?

- ৪৫% ছেলেমেয়ে বিভিন্ন গেইম খেলে সময় কাটায়।
- ৩০% ছেলেমেয়ে ব্যবহার করে তাদের বন্ধুদের সাথে যোগাযোগ করার জন্য।
- ২৫% ছেলেমেয়ে এটা ব্যবহার করে লেখাপড়ার কাজ করার জন্য।
- ২০% ছেলেমেয়ে এর মাধ্যমে লোকজনের সাথে যোগাযোগ করে।
- ১৫% ছেলেমেয়ে এর মাধ্যমে নতুন নতুন বন্ধু খুঁজতে চায়।
- ১০% ছেলেমেয়ে মনে করে এটা তাদের জীবন গড়ার কাজে সাহায্য করে।

What percentage of people use social networking for the following reasons?

Complete the boxes with **English** numbers.

**0 1 . 1** To socialise with people ☐ %

**[1 mark]**

**0 1 . 2** To play games ☐ %

**[1 mark]**

**0 1 . 3** For their studies ☐ %

**[1 mark]**

**0 1 . 4** What is the least popular reason? Answer in **English**.

_______________________________________________

**[1 mark]**

www.xtrapapers.com


**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**

**ANSWER IN THE SPACES PROVIDED**

www.xtrapapers.com



**0 2** **Winter jobs**

You are interested in how young Bangladeshi people spend their winter holidays and come across this article online.

### *শীতের ছুটিতে কাজ*



শীতের ছুটিটা কীভাবে কাটছে ? সময় কাটানোর জন্য কি কাজ খুঁজছো ? তোমাদের মতো সতেরো থেকে বিশ বছর বয়সী ছেলেমেয়েদের এক তৃতীয়াংশ রোজ অন্তত আধ ঘন্টা ধরে ওয়েবসাইটে চাকরীর খোঁজ করে। এদের মধ্যে কেউ কেউ তাদের লেখাপড়ার খরচ চালানোর জন্য কাজ করলেও অধিকাংশ ছেলেমেয়েই কাজ করে ভবিষ্যৎ চাকরীর অভিজ্ঞতা অর্জনের জন্য।

তবে শীতের ছুটিতে করার মতো ভালো কাজ কী ? পর্যটন বিভাগের আওতায় বাংলাদেশের বিভিন্ন দর্শনীয় জায়গাগুলোতে ভ্রমণ গাইডের কাজ কিন্তু মন্দ নয়। বেতনও ভালো। বিশেষ করে রাজধানী ঢাকার চাইতে ঢাকার বাইরের পর্যটন কেন্দ্রগুলো যখন পর্যটকে ভরে যায় তখন এসব জায়গায় কাজ করার সুযোগও বেড়ে যায়। তবে এসব ছেলেমেয়েদের অনেকেই বাড়িতে বসে সময় কাটাবে না কাজ করবে সেটা স্থির করে উঠতে পারে না।

www.xtrapapers.com



**0 2 . 1** One third of 17-20 year olds …

| | |
|---|---|
| **A** | are looking for a winter job. |
| **B** | have already found a winter job. |
| **C** | can't decide whether to look for a job |

Write the correct letter in the box.

**[1 mark]**

**0 2 . 2** A winter job opportunity, particularly outside Dhaka …

| | |
|---|---|
| **A** | can earn a good salary |
| **B** | depends on the tourist guides. |
| **C** | depends on the number of tourists. |

Write the correct letter in the box.

**[1 mark]**

**0 2 . 3** Apart from earning money, why do the majority of young people want to work?
Answer in **English**.

**[1 mark]**

www.xtrapapers.com



**0 3** **Holiday experiences**

You read this blog online about a disastrous holiday to Agra.

শেষ পর্যন্ত আগ্রার তাজমহল দেখতে যাওয়া ঠিক হলো। দিল্লী থেকে গাড়িতে আগ্রা যেতে হবে। যাত্রার দিন সকালবেলা বিমানবন্দরে পৌঁছালাম। কিন্তু প্রথমেই আমাদের জানিয়ে দেওয়া হলো আবহওয়ার গোলযোগের কারণে দিল্লী যাওয়ার ফ্লাইট ছাড়তে অনেক দেরি হবে। যাইহোক, প্লেনের সিটে বসার পর আর এক বিড়ম্বনা ! টিভির পর্দায় কোনো সিনেমা দেখতে পারিনি। নেটওয়ার্কের সমস্যা থাকায় সিটের পেছনে লাগানো টেলিভিশনের ছোটো ছোটো পর্দাগুলো কাজ করছিলো না। তাই সারাক্ষণ ভীষণ একঘেঁয়ে লেগেছে। দিল্লীতে পৌঁছে বাবা একটা গাড়ি ভাড়া করলেন। গাড়ির চালক খুব বেপরোয়াভাবে গাড়ি চালাচ্ছিলো। কি আশ্চর্য ! ভাঙাচোরা রাস্তা। গাড়ির ঝাঁকুনিতে আমরা অসুস্থ হয়ে পড়লাম। সাবধানে চালাতে বলা সত্ত্বেও সে আমাদের কোনো কথাই শুনছিলো না। আমি সারা রাস্তায় খুব ভয় পাচ্ছিলাম কখন বা দুর্ঘটনা ঘটে ! হোটেলে পৌঁছে ঘটলো আর এক বিপদ। আমরা যে রুমের বুকিং দিয়েছিলাম সেটা আমাদের না দিয়ে বড়ো রাস্তার পাশে একটা ছোটো রুম দেওয়া হলো। সারারাত রাস্তার ট্রাক আর লরির প্রচণ্ড শব্দে ঘুমের খুব অসুবিধা হচ্ছিলো। সারা সপ্তাহে মাত্র কয়েক ঘন্টা ঘুমাতে পেরেছি !

Complete the grids below in **English** to indicate what the problems were and why they happened.

| | | **Problem** | **Reason** |
|---|---|---|---|
| **Example** | **Flight departure** | delayed | bad weather |

| | | | | |
|---|---|---|---|---|
| **0 3 . 1** | **On the plane** | | | **[2 marks]** |
| **0 3 . 2** | **On the road** | | | **[2 marks]** |
| **0 3 . 3** | **Accommodation** | | | **[2 marks]** |

www.xtrapapers.com



**0 4** **The environment**

Two young people have posted their views on the environment on a Bengali blog.

| | |
|---|---|
|  | ***Samina*** : পরিবেশ বাঁচানোর কথা সবাই আলোচনা করছে। এ নিয়ে চিন্তিত হওয়া স্বাভাবিক এবং এই সমস্যার সমাধান যতো তাড়াতাড়ি সম্ভব করা দরকার। তবে এ নিয়ে আমার কোনো উৎসাহ নেই। কেন আমি এসব নিয়ে ভাববো? |
|  | ***Mamun:*** তুমি এসব কথা লিখতে পারলে কীভাবে ? তোমাদের মতো ছেলেমেয়েরাই কিন্তু পরিবেশের ক্ষতি করছে। পরিবেশ বাঁচানোর জন্য নিজ নিজ বাড়িতে প্রথমে ব্যবস্থা গ্রহণ করাটাই আমার মতে সবচেয়ে দরকারী। |

Answer the questions in **English**.

**0 4 . 1** How does Samina express her opinion about environmental issues?

**[1 mark]**

**0 4 . 2** How does Mamun react to Samina’s comments?

**[1 mark]**

**0 4 . 3** What should be the most important initiative, according to Mamun?

**[1 mark]**

www.xtrapapers.com



**0 5** **Future plans**

Read these posts by two students from your partner school in Bangladesh. They are talking about their ambitions.



আমি ভবিষ্যতে একজন ডাক্তার হতে চাই। আমি গরিব লোকজনকে সেবা করার সুযোগ পেতে চাই। তাছাড়া ডাক্তারদের বেতনও অনেক। তবে ডাক্তারী পড়া শেষ করতে অনেক সময় লাগবে এবং খরচও খুব বেশি। তাই আমি স্থির করেছি আমার বাড়ির কাছাকাছি কোনো এক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবো। এতে অন্য জায়গায় আমার থাকা-খাওয়ার খরচ লাগবে না। বাড়ি থেকে যাওয়া-আসা করতে পারবো। এতে বাবা-মায়ের উপর আর্থিক চাপ কম পড়বে। কাজেই আমি অনায়াসে ডাক্তার হতে পারবো।

***Lubna***

**0 5 . 1** Which **two** statements are true? Write the letters in the boxes.

| | |
|---|---|
| **A** | Lubna thinks studying medicine would take less time. |
| **B** | Lubna wants to have a job where she can help poor people |
| **C** | Lubna will probably go to a university far away from home. |
| **D** | Lubna thinks there will be less financial burden on her parents. |
| **E** | Lubna thinks she will have to stay in the university accommodation. |

☐ ☐

**[2 marks]**

www.xtrapapers.com



| | |
|---|---|
|  | আমি স্কুল শেষ করে আর পড়তে চাই না। এর কারণ এই নয় যে, আমার পরীক্ষার রেজাল্ট ভালো না বা স্কুলে আমার সমস্যা হচ্ছে। শুধু দিন-রাত পরিশ্রম করে লেখাপড়া করে কি আমি থাকা-খাওয়া ও অন্যান্য খরচ চালাতে পারবো ? তাছাড়া তিন-চার বছর পরে ডিগ্রী পেলেও কি আমি আমার যোগ্যতা অনুযায়ী চাকরী পাবো ? কাজেই আমি চেষ্টা করবো তাড়াতাড়ি যেকোনো একটা চাকরী খুঁজতে। ***Arman*** |

**0 5 . 2** Which **two** statements are true? Write the letters in the boxes.

| | |
|---|---|
| **A** | Arman did not like his school. |
| **B** | Arman believes that a degree will not guarantee a good job. |
| **C** | Arman would want to look for any type of job. |
| **D** | Arman's results are not very good. |
| **E** | Arman thinks it would be difficult to get a place in higher education. |

☐ ☐

**[2 marks]**

www.xtrapapers.com



## 0 6 Family relationships

Your Bengali friend has sent you a magazine. You read Jolly's letter to the problem page.

মায়ের অফিসের ম্যানেজারকে মিথ্যা দোষ দেওয়ায় ওপরওয়ালার সাথে ম্যানেজারের ঝগড়া হলো। রাগ করে ম্যানেজার চাকরী ছেড়ে দিলো। গতমাসে মায়েরও হঠাৎ চাকরী চলে গেলো। আমি মনে করি এটা দোষের কিছু নয়। তবে সংসারের খরচ কীভাবে চলবে সে কথা ভেবে মা খুবই চিন্তিত হলেন। মাকে বলেছি দরকার হলে আমি লেখাপড়া ছেড়ে একটা চাকরী খুঁজবো। বাড়ি বিক্রি করা বা ব্যাঙ্ক থেকে টাকাপয়সা ধার করা আমার মোটেই পছন্দ না।

গতকাল হঠাৎ করে মা আমাকে জানালেন ওঁর বাচ্চা হবে! এই বয়সে! এতে অবশ্য আমার খুশি হওয়ার কথা। কিন্তু আমি খুশি নই, রাগও করিনি। অবশ্য হতাশ হয়েছি। এ নিয়ে বাবার সাথে পরামর্শ করেও কোনো লাভ হবে না। উনি নিজেই বেশ কিছু সমস্যায় ভুগছেন। এখন আমি কী করবো?

এসব চিন্তা না করলে একমাত্র স্কুলেই আমি বেশ ভালো ও স্বাচ্ছন্দ্য বোধ করি। ওখানে সব বন্ধুরা আমার সুখে-দুখে আমার পাশে থাকে। আমার ভুলগুলো শোধরাতে সাহায্য করে। প্রশংসনীয় কাজের জন্য আমি সম্প্রতি শিক্ষকদেরও প্রিয়পাত্র হয়ে উঠেছি।

জলি

**0 6 . 1** What happened to Jolly's mum recently?

| | |
|---|---|
| **A** | She lost her job. |
| **B** | The manager wrongly accused her of something. |
| **C** | The manager had an argument with her. |

Write the correct letter in the box. ☐

**[1 mark]**

**0 6 . 2** How does her mum feel at the moment?

| | |
|---|---|
| **A** | Guilty |
| **B** | Worried |
| **C** | Angry |

Write the correct letter in the box. ☐

**[1 mark]**

www.xtrapapers.com



**0 6 . 3** How does Jolly think they could get money if they need it?

| | |
|---|---|
| **A** | They could sell their property. |
| **B** | Her mum could apply for a bank loan. |
| **C** | Jolly could find a job. |

Write the correct letter in the box. ☐ **[1 mark]**

**0 6 . 4** How did Jolly feel about her mother having a baby?

| | |
|---|---|
| **A** | Happy |
| **B** | Angry |
| **C** | Disappointed |

Write the correct letter in the box. ☐ **[1 mark]**

**0 6 . 5** What change has impacted on Jolly's life recently?

| | |
|---|---|
| **A** | Her relationship with her father. |
| **B** | Her relationship with her friends |
| **C** | Her relationship with her teachers. |

Write the correct letter in the box. ☐ **[1 mark]**

www.xtrapapers.com



**0 7** **Music**

Read what these two people say in a chat room about music. Identify the people.

Write **A for** Aleya
**B for** Bashir
**A+B for** Aleya + Bashir

| *কখন আর কীভাবে গান শোনো?* | | | |
|---|---|---|---|
|  ***Aleya*** | আমি দিনের যেকোনো সময় গান শুনি। এমনকি শাওয়ার করার সময় কিংবা কোর্সওয়ার্ক করার সময়ও গান শুনতে থাকি। |  ***Bashir*** | আমি আমার আইপড ছাড়া কিছু ভাবতেই পারি না। আমার সব কাজকর্ম এমনকি স্কুলের কোর্সওয়ার্কের চাপের সময়ও আইপডে গান শুনতে থাকি। |

**0 7 . 1** Who completes coursework whilst listening to music?

**[1 mark]**


| *গানের জলসায় যাওয়া সম্পর্কে তোমার কী মনে হয়?* | | | |
|---|---|---|---|
|  ***Aleya*** | গানের জলসাগুলো ঘন্টার পর ঘন্টা চলে। কোনো বিরতি নেই, বৈচিত্র নেই। অনেক সময় একই শিল্পী সব ধরনের গান করে, তখন সেসব গান শুনতে ইচ্ছে করে না। শুধু মনে হয় কেন লোকজন পয়সা আর সময় নষ্ট করে গানের জলসায় যায়? |  ***Bashir*** | লেখাপড়ার চাপের জন্য জলসায় গিয়ে গান শোনার সময় আমি বিশেষ পাই না। তবে আমার প্রিয় শিল্পীদের জলসা হলে সামনে বসে ওদের সুমধুর স্বর যখন নেচে নেচে প্রকাশ করে তখন অন্যান্য দর্শকদের সাথে আমিও উত্তেজিত ও অভিভূত হয়ে পড়ি। |

**0 7 . 2** Who thinks that watching live concerts is exciting?

**[1 mark]**

www.xtrapapers.com



| *বাজানো সম্পর্কে তুমি কি মনে করো?* | | | |
|---|---|---|---|
|  ***Aleya*** | প্রাইমারী স্কুলে থাকতে আমি বাঁশি আর কীবোর্ড বাজাতাম। স্কুলের গানের শিক্ষকও আমাকে উৎসাহ দিতেন। এখন আমি চাই পিয়ানো বাজাতে। কিন্তু আমার বাবা-মার এ বিষয়ে কোনো উৎসাহ নেই, আমিও বাড়িতে পিয়ানো বাজানোর সুযোগ পাই না। |  ***Bashir*** | আমি বেহালা বাজাতে খুব পছন্দ করি। স্কুলে আমি বেহালা বাজানো শিখছি। সেতার শেখারও আমার খুব ইচ্ছা। সেতারের ভিডিও যখন দেখি তখন আমি যেন অন্য কোথাও হারিয়ে যাই। |

**0 7 . 3** Who thinks that parents should encourage children to play instruments ?

**[1 mark]**

**Turn over for the next question**

www.xtrapapers.com



**0 8** **Marriage/partnerships**

You are on a flight to Bangladesh and read this newspaper article about a forthcoming marriage.

*ভালোবাসার সীমা নেই*

গত রবিবারে লন্ডনে বেড়ে ওঠা সাব্বিরেব সাথে ইংরেজ মেয়ে লুসির বিয়ে হলো। পাঁচ বছর আগে ওদের দেখা হয় নববর্ষের এক পার্টিতে। প্রথম দেখাতেই লুসিকে সাব্বির ভালোবেসে ফেললো। তবে লুসি ওকে একজন বন্ধু হিসেবে গ্রহণ করেছিলো।

এ- লেভেলের পর লুসিকে ওর নিজের শহর ডেভনে ফিরে যেতে হলো সেখানকার বিশ্ববিদ্যালয়ে ডিগ্রী কোর্স করার জন্য। তবে গরমের ছুটিতে সে আবার লন্ডনে ফিরে এলো। ঐ সময়ে ওরা দুজনে একসাথে স্কটল্যান্ডে বেড়াতে গেলো। ওরা আরও ঘনিষ্ঠ হলো। লুসি অনুভব করলো, সাব্বিরের সাথে ওর সম্পর্কটা শুধু বন্ধুত্ব নয়, তার চাইতেও অনেক বেশি। অবশেষে ওরা বিয়ে করার সিদ্ধান্ত নিলো।

বাঙালী প্রথা অনুযায়ী বর বিয়ে করতে কনের বাড়িতে যায়। সেখানেই বিয়ের সব আচার-অনুষ্ঠান সম্পন্ন হয়। কাজেই ওরা স্থির করলো ওদের বিয়েটা লুসির শহর ডেভনে হবে। বিয়ের পরে ওরা অবশ্য লন্ডনে থাকবে। এতে লুসির আপত্তি নেই। তবে বাবা-মাকে ঘনঘন দেখতে পাবে না সে কথা ভেবে মন খারাপ করছিলো। সাব্বির অবশ্য লুসিকে আশ্বাস দিয়েছে যে বিয়ের পর সে ইচ্ছেমতো তার বাবা-মাকে দেখতে যেতে পারবে।

Answer the questions in **English**

**0 8 . 1** How did Sabbir feel about Lucy when they first met?

______________________________________________

______________________________________________

**[1 mark]**

**0 8 . 2** How did Lucy initially feel about Sabbir?

______________________________________________

______________________________________________

**[1 mark]**

www.xtrapapers.com



**0 8 . 3** Why did Lucy have to return to Devon?

**[1 mark]**

**0 8 . 4** Why was Sabbir happy to get married in Devon?

**[1 mark]**

**0 8 . 5** What made Lucy upset after the wedding had been arranged?

**[1 mark]**

**Turn over for the next question**

www.xtrapapers.com



**Section B** Questions and answers in **Bengali**

**0 9** ***ই-মেইল***

মাহিনের নিজের লেখাপড়া সম্পর্কে লেখা এই ই-মেইলটি পড়ো।

Reply

From... মাহিন১৬@হটমেইল.বাংলা

Subject: স্কুলের পরের লেখাপড়া

হ্যালো,

অবশেষে স্কুলে গরমের লম্বা ছুটি শুরু হয়ে গেলো! আমার বন্ধুরা সবাই খুশি। শুধু আমিই খুশি নই। পরীক্ষায় আমার গ্রেড ভালো আসেনি। সেপ্টেম্বরে সব বন্ধুরা ক্লাস শুরু করলেও আমি দুইদিন বাড়িতে বসে কান্নাকাটি করেছি। টিউটর বলেছেন এ্যাপ্রেন্টিসশীপ করতে। অল্প সময়ের মধ্যে কোর্সওয়ার্ক শেষ করা আমার পক্ষে কঠিন হবে। গত বছর আমার মামাতো বোন এই কোর্সটা করেছিলো কিন্তু সে মোটেই পছন্দ করেনি। এখন সে একটা ওষুধের দোকানে কাজ করে। আমিও ঠিক করেছি আরও এক বছর কলেজে থাকবো। মনোযোগ দিয়ে লেখাপড়া করলে পরীক্ষায় ভালো গ্রেড পাবো।

ভালো থেকো।

মাহিন

***বাংলায়*** প্রশ্নগুলোর উত্তর দাও।

***উদাহরণ:*** মাহিনের বন্ধুরা খুশি কেন?

***গরমের ছুটির জন্য।***

**0 9 . 1** মাহিন খুশি নয় কেন?

_______________________________________________

**[1 mark]**

www.xtrapapers.com



**0 9 . 2** মাহিনের টিউটর কী মনে করেন? ***দুটি*** বিষয় লেখো।

1 ______________________________

2 ______________________________

**[2 marks]**

**0 9 . 3** মাহিনের মামাতো বোন এখন কী করছে?

______________________________

**[1 mark]**

**0 9 . 4** মাহিন আগামী বছর কী করবে? দুটি বিষয় লেখো।

1 ______________________________

2 ______________________________

**[2 marks]**

**Turn over for the next question**

www.xtrapapers.com



**1 0** *বাইরে খাওয়া*

তুমি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ***"ঠাকুরদাসের বাল্যশিক্ষা"*** গল্প থেকে এই লেখাটি পড়ছো।
নিচের তালিকা থেকে সঠিক শব্দ বেছে নিয়ে তার অক্ষরটি বাক্সে লেখো।

***উদাহরণ***

একদিন দুপুরের সময় [D] অস্থির হয়ে ঠাকুরদাস বাসা থেকে বের হলেন। কষ্ট ভুলে থাকার জন্য পথে পথে তিনি ঘুরে বেড়াতে লাগলেন। কিছুক্ষণ পর খিদে আর তৃষ্ণায় তিনি এতো [ ] হয়ে পড়লেন যে তাঁর আর চলার ক্ষমতা রইলো না। এক দোকানের সামনে তিনি দাঁড়িয়ে রইলেন। দেখলেন এক মধ্যবয়সী মহিলা দোকানে বসে মুড়ি মুড়কি [ ] করছেন। মহিলাটির কাছে পানি খেতে চাইলে তিনি ঠাকুরদাসকে কিছু মুড়কি আর পানি দিলেন। ঠাকুরদাস যেভাবে [ ] করে মুড়কিগুলি খেলেন তা লক্ষ্য করে মহিলাটি কাছের গোয়ালার দোকান থেকে [ ] কিনে আনলেন। সঙ্গে আরও মুড়কি দিয়ে তিনি ঠাকুরদাসকে পেট ভরে খেতে দিলেন।

| | |
|---|---|
| **A** | তাড়াহুড়া |
| **B** | ক্লান্ত |
| **C** | খেতে |
| **D** | খিদেয় |
| **E** | বিক্রি |
| **F** | দই |
| **G** | লক্ষ্য |

**[4 marks]**

www.xtrapapers.com



**1 1** *ল্যাপটপ*

স্কুলে ***ল্যাপটপের*** ব্যবহার সম্বন্ধে তোমার বন্ধু বাবুলের টেক্সট পড়ছো। ***বাংলায়*** নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

সেপ্টেম্বরে স্কুল থেকে লেখাপড়ার সাহায্যের জন্য আমাদের সবাইকে একটা করে ল্যাপটপ দেওয়া হয়েছে। এতে আমার বন্ধুরা খুশি হলেও আমি কিন্তু খুশি হতে পারিনি, বরং চিন্তিত হয়েছি। এমন একটা দামী জিনিস ছাত্রছাত্রীদের কাছে থাকা নিরাপদ নয়। তাছাড়া এর অতিরিক্ত ব্যবহারে লেখাপড়ার মূল্যবান সময়েরও বেশ অপচয় হয়। সবচেয়ে বড়ো সমস্যা হলো যে ল্যাপটপের অতিরিক্ত ব্যবহারে ছোটো বড়ো সবারই চোখের ক্ষতি হয়। এমনকি এতে দৃষ্টিশক্তি হারানোরও বেশ সম্ভাবনা রয়েছে।

Options Exit

**1 1 . 1** ল্যাপটপ পেয়ে বাবুলের চিন্তা হলো কেন?

______________________________________________

**[1 mark]**

**1 1 . 2** লেখাপড়ায় এর কী প্রভাব পড়তে পারে?

______________________________________________

**[1 mark]**

**1 1 . 3** বাবুলের মতে সবচেয়ে বড়ো সমস্যা কী হতে পারে?

______________________________________________

**[1 mark]**

www.xtrapapers.com



**1 2** *শরীর ভালো রাখা*

তুমি ফিটনেস ক্লাবের দেওয়ালে এই লেখাগুলো পড়ছো।

সারাদিন পর স্কুল বা কাজ থেকে বাড়িতে ফিরে সম্ভবত তোমরা বিশ্রাম করতে চাইবে। শরীর ভালো রাখার জন্য এরও দরকার আছে। তবে একটু ভেবে দেখো, এ সময়ে অন্তত আধ ঘন্টা যদি কোনো শরীর চর্চা বা খেলাধূলা করো, তাহলে বিকেলের বাকি সময়টা তোমাদের ইচ্ছেমতো কাটাতে পারো। কমপিউটারে গেইমও খেলতে পারো!

**1 2 . 1** স্কুল বা কাজের ***পরপরই*** তোমাদের কী করা উচিৎ ?

বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

| | |
|---|---|
| **A** | কমপিউটারে গেইম খেলা |
| **B** | বিশ্রাম করা |
| **C** | খেলাধূলা করা |

☐

**[1 mark]**

সিগারেট খাওয়া স্বাস্থ্যের জন্য যে কতোটা ক্ষতিকর সেটা কারও অজানা নয়। তবে সিগারেট খাওয়া একেবারে ছেড়ে দেওয়াও সহজ নয়। বিশেষ করে কেউ যখন অশান্তিতে ভোগে তখন তো নয়ই। কাজেই এই বদভ্যাস শুরু না করাই ভালো।

**1 2 . 2** এই তথ্য থেকে আমরা ঠিক কী জানতে পারি ?

বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

| | |
|---|---|
| **A** | সিগারেটের অভ্যাস না করা |
| **B** | সিগারেট খাওয়া ছেড়ে না দেওয়া |
| **C** | অশান্তি থাকলে সিগারেট ছেড়ে দেওয়া সহজ |

☐

**[1 mark]**

www.xtrapapers.com



**1 3** *আমার শহর*

রবীন্দ্রনাথ ঠাকুরের ***'ছেলেবেলা'*** থেকে নেওয়া ***সেকালের কলকাতা*** সম্পর্কে তুমি পড়ছো।

আমরা যখন ছোটো ছিলাম, তখন সন্ধ্যেবেলায় কলকাতা শহর এখনকার মতো এতো ব্যস্ত ছিলো না। এখনকার সময়ে সূর্যের আলোর দিনটা শেষ হলেই শুরু হয় বিজলি আলোর দিন। সে সময়টাতে শহরে কাজ কম, কিন্তু বিশ্রাম নেই। ঘরে-বা্‌ইরে সন্ধ্যার আকাশ থম থম করতো। ইডেন গার্ডেনে আর গঙ্গা নদী ধারে লোকজন ঘোড়ার গাড়িতে বেড়াতো। ফেরার সময় ঘোড়ার গাড়ির চালকদের হৈ হৈ শব্দ রাস্তা থেকে শোনা যেতো। চৈত্র-বৈশাখ মাসে রাস্তার ফেরিওয়ালা হেঁকে যেতো 'কুলফির বরফ', এখন যাকে বলে আইসক্রিম। ট্রামের সিঁড়ির উপর ভিড় করে কলেজ আর অফিস থেকে ফেরার দল ফুটবল খেলার ময়দানে ছুটতো না। ফেরার সময় তাদের ভিড় জমতো না সিনেমা হলের সামনে।

***বাংলায়*** প্রশ্নগুলোর উত্তর দাও।

**1 3 . 1** লেখক ওঁর ছেলেবেলার শহর সম্বন্ধে কী কী তথ্য দিয়েছেন? ***তিনটি*** বিষয় লেখো।

1 ______________________________

2 ______________________________

3 ______________________________

**[3 marks]**

www.xtrapapers.com



**Section C** Translation into **English**

**1 4** Your friend has seen this tweet on Twitter and asks you to translate it for him into **English.**

আমার বন্ধুদের সাথে আমি প্রায়ই বাড়ির পাশের একটা পার্কে যাই কারণ সেখানে আমরা বেডমিনটন খেলতে পারি। এতে আশেপাশের এলাকার কিছু সংখ্যক হোমলেস লোকজন বেশ বিরক্ত হয়েছে । আমরা ওদেরকে সাহায্য করার জন্য সময় দিতে চাই। তবে এই মুহূর্তে আমার হাতে একেবারে সময় নেই কারণ আমার পরীক্ষার কাজগুলো আগে শেষ করা দরকার।

**[ 9 marks]**

**END OF QUESTIONS**

www.xtrapapers.com



**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**

**ANSWER IN THE SPACES PROVIDED**

www.xtrapapers.com



**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**

**ANSWER IN THE SPACES PROVIDED**

**References**

Q10 Abridged and adapted extract from the story ***"ঠাকুরদাসের বাল্যশিক্ষা"*** by ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

Q13 Abridged and adapted extract from the story ***"ছেলেবেলা"*** by রবীন্দ্রনাথ ঠাকুর

Question 2 © iStock Chris Schmidt
Question 4 © iStock Juanmonino
Question 5 © iStock Nikada/herkisi
Question 7 © iStock Global_pics/Jaimie D. Travis
Copyright © 2018 AQA and its licensors. All rights reserved